তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

যুগান্তর

নন-এমপিওভুক্ত

# শিক্ষকদের বেতন বন্ধের প্রজ্ঞাপন কেন বেআইনি নয় : হাইকোর্ট

যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের নন-এমপিও শিক্ষকদের বেতন-ভাতা সরকার বহন করবে না মর্মে জারি করা প্রজ্ঞাপন কেন বেআইনি ঘোষণা করা হবে না— তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৩১টি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত নন-এমপিওভুক্ত ৪৪ জনের করা এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে সোমবার বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকী ও বিচারপতি রাজিক আল জলিলের বেঞ্চ এ রুল জারি করেন।

এ ছাড়া রুলে মাধ্যমিক ও উচ্চ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

## শিক্ষকদের বেতন বন্ধের প্রজ্ঞাপন

(৩য় পৃষ্ঠার পর)

মাধ্যমিক পর্যায়ের এসব প্রতিষ্ঠানে কর্মরত নন-এমপিওভুক্ত রিট আবেদনকারী শিক্ষক-শিক্ষিকাদের বেতন-ভাতা প্রদানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে কেন নির্দেশ দেয়া হবে না— তাও জানতে চাওয়া হয়েছে। শিক্ষা সচিব, মাউশির মহাপরিচালক, শিক্ষা মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব, রাজশাহী, সিলেট, দিনাজপুর ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ নয় বিবাদীকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

রিট আবেদন থেকে জানা যায়, ২০১১ সালের ১৩ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয় ওই প্রজ্ঞাপন জারি করে। এতে বলা হয়, পুনঃআদেশ না দেয়া পর্যন্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) অতিরিক্ত শ্রেণী শাখা/বিভাগ খোলার ক্ষেত্রে ওই শ্রেণী শাখা/বিভাগের বিপরীতে নিযুক্ত শিক্ষকের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না। এর বৈধতা চ্যালেঞ্জ করে এবং এমপিওভুক্তির নির্দেশনা চেয়ে চুয়াডাঙ্গার বড় শালুয়া নিউ মডেল কলেজের প্রভাষক মো. বেলাল হোসেনসহ ৪৪ জন শিক্ষক রোববার হাইকোর্টে রিট আবেদন করেন। এ রিটের ওপর সোমবার শুনানি হয়। আদালতে রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ ছিদ্দিক উল্যাহ মিয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোখলেছুর রহমান।